



## সাউথইস্ট ব্যাংক গ্রিন স্কুলের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

২০২৫-২৬ শিক্ষাবর্ষের এডেক্সেল ও-লেভেল পরীক্ষায় অসাধারণ সাফল্য অর্জনকারী কৃতি শিক্ষার্থীদের সম্মাননা দিয়েছে সাউথইস্ট ব্যাংক গ্রিন স্কুল। এ উপলক্ষে গতকাল এক বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় সাউথইস্ট ব্যাংক পিএলসির চেয়ারম্যান এমএ কাশেম, স্কুলের চেয়ারপারসন রেহানা রহমান, ব্যাংকের এমডি আবিদুর রহমান চৌধুরী ও স্কুলের অধ্যক্ষ সৈয়দা নাসরিন আক্তারসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের মাঝে ক্রেস্ট, সনদপত্র ও উপহার বিতরণ করা হয়। —বিজ্ঞপ্তি